নতুন ধারার দৈনিক
আমাদের সময়

# উত্তরা ইউনিভার্সিটিতে 'ভিসি স্পোর্টস উইক ২০২৬'-এর বর্ণাঢ্য সমাপনী

**সংবাদ বিজ্ঞপ্তি**

০৯ আগস্ট ২০২৬, ১০:৩৭ পিএম




অত্যন্ত আনন্দঘন পরিবেশ ও বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে সমাপ্ত হলো সপ্তাহব্যাপী সর্ববৃহৎ আন্তঃবিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা 'ভিসি স্পোর্টস উইক ২০২৬'। গত ৩ আগস্ট ২০২৬ তারিখে বর্ণাঢ্য পুরস্কার বিতরণী অনুষ্ঠান এবং মনমুগ্ধকর সাংস্কৃতিক সন্ধ্যার মধ্য দিয়ে টুর্নামেন্টটির আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে।

শিক্ষার্থীদের নেতৃত্ব, সততা ও সুস্বাস্থ্য নিশ্চিতকরণে মাননীয় উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা-র নিরবচ্ছিন্ন প্রচেষ্টার স্বীকৃতিস্বরূপ টুর্নামেন্টটি তাঁর উদ্দেশ্যে উৎসর্গ করা হয়। বিশ্ববিদ্যালয়ের অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্স-এর অধীনে স্পোর্টস ক্লাবের সার্বিক ব্যবস্থাপনায় গত ২৭ জুলাই টুর্নামেন্টটি শুরু হয়। এতে ক্রিকেট, ফুটবল, ব্যাডমিন্টন, দাবা, ক্যারম এবং টেবিল টেনিস—এই ছয়টি ইভেন্টে বিভিন্ন একাডেমিক বিভাগের ৫৪০ জন ছাত্র-ক্রীড়াবিদ প্রতিদ্বন্দ্বিতা করেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, উচ্চপদস্থ কর্মকর্তা, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ। সমাপনী পর্বে বিজয়ী, বিজিত দল এবং সেরা খেলোয়াড়দের হাতে আনুষ্ঠানিকভাবে ট্রফি, পদক ও সনদপত্র তুলে দেওয়া হয়।

শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, "খেলাধুলা কেবল মাঠের জয়-পরাজয় নয়, এটি শিক্ষার্থীদের মাঝে শৃঙ্খলা, নেতৃত্ব, সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ গড়ে তোলে।"

পুরস্কার বিতরণী শেষে আয়োজিত সাংস্কৃতিক সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গান পরিবেশনার পাশাপাশি মঞ্চ মাতায় তরুণদের প্রিয় দুই ব্যান্ড ‘এনকোর’ ও ‘ইডেনস গার্ডেন’। শ্রেণিকক্ষের বাইরে শিক্ষার্থীদের সার্বিক বিকাশে উত্তরা ইউনিভার্সিটি ভবিষ্যতেও এ ধরনের ক্রীড়া ও সহ-শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে।